১৫।

ভোরের কাগজ

তারিখ ... JUL 2 0 1999 ...
পৃঃ ১২ কলাম ২ ...

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষা

# নকল প্রতিরোধে গ্রামের কলেজগুলোতে পরীক্ষাকেন্দ্র না করার সুপারিশ

মানস ঘোষ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট কর্তৃক গঠিত ফলোআপ কমিটি উচ্চ শিক্ষা পর্যায়ে নকল প্রতিরোধের জন্য অনার্স ও মাস্টার্স পরীক্ষা শুধু জেলা সদরের কলেজগুলোতে অনুষ্ঠানের সুপারিশ করেছে। কমিটি একই কারণে ডিগ্রি (পাস) পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রেও গ্রামের কলেজগুলো যথাসম্ভব এড়ানোর কথা বলেছে। ডিগ্রি পাস করে আসা শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা প্রতিহত করতে কমিটি মাস্টার্সে নকলের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি চালুরও সুপারিশ করেছে।

গত শনিবার অনুষ্ঠিত ফলোআপ কমিটির সভায় এসব সুপারিশ চূড়ান্ত করা হয়েছে। আগামী ৫ আগস্ট জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে সুপারিশগুলো উত্থাপন করা হবে। সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান সংসদ সদস্য আ স ম ফিরোজ। কমিটির সদস্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, নির্বাচন কমিশনের যুগ্মসচিব, জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং সংসদ সদস্য রাজিয়া মতিন সভায় উপস্থিত ছিলেন।

সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স, মাস্টার্স এবং ডিগ্রি পরীক্ষায় নকল প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করা হয়। সভায় সদস্যরা একমত হন, জেলা সদরের চেয়ে গ্রামের কলেজগুলোতে নকল বেশি হয়। এর ফলে প্রচুরসংখ্যক ছাত্রছাত্রী নকল করে ডিগ্রি পাস করে, যারা পরবর্তী সময়ে মাস্টার্সে ভর্তি হয়ে উচ্চ শিক্ষার ক্ষেত্রে সমস্যা হয়ে দাঁড়ায়। কমিটি মনে করে মাস্টার্সে ভর্তির ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি চালু করা হলে নকল করে পাস করা শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ঠেকানো সম্ভব হবে।

কমিটি গত ২ বছরে গ্রামের যেসব কলেজে ব্যাপক নকল হয়েছে, বিভাগীয় কমিশনারের গোপন প্রতিবেদনের ভিত্তিতে সেগুলোতে ডিগ্রি পরীক্ষার কেন্দ্র না দেওয়ার সুপারিশ করেছে। কমিটি মনে করে শিক্ষার গুণগত মান রক্ষার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স, অনার্স পরীক্ষাগুলো জেলা সদরের কলেজগুলোতে অনুষ্ঠিত হওয়া দরকার। পাশাপাশি ডিগ্রি পরীক্ষার ক্ষেত্রে গ্রামের কলেজগুলোকে যথাসম্ভব এড়িয়ে যাওয়া উচিত। কমিটি থানা এবং জেলা পর্যায়ে সংসদ সদস্য, কলেজ কর্তৃপক্ষ, রাজনৈতিক নেতৃত্ব ও সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের নিয়ে নকল প্রতিরোধ কমিটি গঠনের সুপারিশ করেছে।